তারিখ 23 SEP 2016
পৃষ্ঠা ...২... কলাম ...২...

সংবাদ

# কুড়িগ্রাম সরকারি কলেজের ৫ লাখ টাকার ইট চুরি : ৩ ট্রাক্টর জব্দ

**প্রতিনিধি, কুড়িগ্রাম**

কুড়িগ্রাম সরকারি কলেজের নির্মাণাধীন ছাত্রবাসের সামনের রাস্তার ইট ছাত্রলীগের নাম ভাঙিয়ে রাতের আঁধারে চুরি করে নিয়ে যায় একদল দুর্বৃত্ত। প্রায় ৫ লাখ টাকা মূল্যের এই ইট চুরির অভিযোগ পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজু আহমেদের বিরুদ্ধে। গত বছর ১৫ অক্টোবর প্রাধানমন্ত্রী. শেখ হাসিনা কুড়িগ্রাম সরকারি কলেজ মাঠে এক জনসভায় অংশ নেন। তার আগমন উপলক্ষে শিক্ষা প্রকৌশল বিভাগ ৬ লাখ ৯৬ হাজার টাকা ব্যয়ে কুড়িগ্রাম-চিলমারী সড়ক থেকে কলেজ মাঠের জনসভা স্থল পর্যন্ত ইটের হেরিংবোন রাস্তা নির্মাণ করে। যা পরবর্তীতে সরকারি কলেজের নির্মাণাধীন ছাত্রাবাসের সংযোগ সড়ক হিসাবে হস্তান্তর করা হয়। এ রাস্তায় প্রায় ৬৩ হাজার ইট ব্যবহার করা হয়। যা মঙ্গলবার দিবাগত রাতের অন্ধকারে চুরি করে সরিয়ে নেয়া হয়। গভীর রাতে জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সফিকুল ইসলাম সাকিব ও নাজমুলের হস্তক্ষেপে রাত দেড়টায় পুলিশ ঘটনাস্থল থেকে ইট বোঝাই তিনটি ট্রাক্টর ও ৩০ শ্রমিককে আটক করে।

এ সময় ছাত্রলীগ নামধারী নেতারা পালিয়ে যায়। তবে এ ব্যাপারে অভিযুক্ত কুড়িগ্রাম পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজু আহমেদ তার বিরুদ্ধে আনিত অভিযোগ অস্বীকার করে বলেন, আমি রাজনৈতিক প্রতিহিংসার স্বীকার। জেলা ছাত্রলীগের গ্রুপিং এর কারণে একটি পক্ষ এ অপপ্রচার চালাচ্ছে। প্রকৃত পক্ষে অপ-প্রচারকারীরাই গত ঈদের আগে ঐ রাস্তার অর্ধেক ইট চুরি করে নিয়ে গেছে। এখন উদোর পিন্ডি বুদোর ঘারে চাপানোর চেষ্টা করছে তারা।

জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সফিকুল ইসলাম সাকিব জানান, রাত ১২টার দিকে খবর পান একদল দুর্বৃত্ত কলেজ ক্যাম্পাসের রাস্তার ইট গাড়িতে করে নিয়ে যাচ্ছে। এখবর পেয়ে সিনিয়র নেতা নাজমুল ইসলামসহ কয়েকজনকে সঙ্গে নিয়ে ঘটনাস্থলে যাই। ৩০/৩৫ জন শ্রমিক রাস্তার ইট তুলে ট্রাক্টরে করে নিয়ে যাচ্ছে। পুলিশকে খবর দিলে এসআই আরমান ও এসআই রফিকের নেতৃত্বে একদল পুলিশ রাত দেড়টার দিকে ঘটনাস্থলে উপস্থিত হয়। এ সময় ছাত্রলীগের নামধারী নেতারা পালিয়ে যায়। পুলিশ ৩০ জন শ্রমিকসহ ৩টি ইট বোঝাই ট্রাক্টর আটক করে থানায় নিয়ে যায়। এ সময় পুলিশের সামনে তারা জানায় কুড়িগ্রাম পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজু আহমেদ, সহ-সভাপতি ফিরোজসাহী, মিলুসহ বেশ কয়েকজন তাদের এই ইট তোলার কাজে লাগায়।

ট্রাক্টর ব্যবসায়ী সাজ্জাদ হোসেন মানিক জানান, পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজু আহমেদ মালামাল পরিবহনের জন্য আমার কাছে ৩টি ট্রাক্টর চান। আমি রাতেই ড্রাইভারদের ট্রাক্টর নিয়ে যেতে বলি। পরদিন জানতে পারি ইট চুরির অভিযোগে পুলিশ ট্রাক্টর থানায় নিয়ে গেছে।

কুড়িগ্রাম সদর থানার অফিসার ইনচার্জ আব্দুস সোবহান ইট চুরির ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, শ্রমজীবী মানুষ হওয়ায় মানবিক বিবেচনায় সকল শ্রমিককে মুচলেকা নিয়ে ছেড়ে দেয়া হয়েছে। ট্রাক্টরগুলো আটক আছে। এখন পর্যন্ত কেউ মামলা দেয়নি। পুলিশ তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেবে।

কুড়িগ্রাম সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর সাবিহা খাতুন বলেন, এ বিষয়ে খোঁজ-খবর নেয়া হচ্ছে। অন্যান্য শিক্ষকদের সঙ্গে কথা বলে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। কারণ এ রাস্তাটি আমাদের না শিক্ষা প্রকৌশল বিভাগের তা খতিয়ে দেখা হচ্ছে।

জেলা শিক্ষা প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী মিজানুর রহমান জানান, প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে শিক্ষা প্রকৌশল বিভাগ প্রায় ৭লাখ টাকা ব্যয় করে এ রাস্তা নির্মান করে। যা পরবর্তীতে কুড়িগ্রাম সরকারি কলেজ কর্তৃপক্ষকে হস্তান্তর করা হয়। এটি রক্ষনাবেক্ষণের দায়িত্ব কলেজ কর্তৃপক্ষের।